



জেলা পরিষদ কার্যালয়  
পাবনা।

[www.zppabna.gov.bd](http://www.zppabna.gov.bd)

স্মারক নং-৪৬.০০.৭৬০০.০০২.১২.০০১.২৩. ১৪৬



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

তারিখঃ ১৭-০৫-২০২৩ খ্রিঃ।

এককালীন ছাত্র বৃত্তি বিজ্ঞপ্তি ০১/২০২২-২০২৩

পাবনা জেলা পরিষদের নিজস্ব তহবিলের আওতায় ২০২২-২৩ অর্থ বছরে পাবনা জেলার বিভিন্ন স্কুল, কলেজ এবং বাংলাদেশের বিভিন্ন পাবলিক বিশ্ববিদ্যালয়, কৃষি বিশ্ববিদ্যালয়, প্রকৌশল/বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ এবং জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন কলেজ/মাদ্রাসাসমূহে স্নাতক, স্নাতক (সম্মান), স্নাতকোত্তর/সম্মান শিক্ষা প্রতিষ্ঠানসমূহে অধ্যয়নরত শুধুমাত্র পাবনা জেলার স্থায়ী বাসিন্দাদের নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তে অস্বচ্ছল মেধাবী ছাত্র/ছাত্রীদের এককালীন শিক্ষা বৃত্তি প্রদানের জন্য নির্ধারিত ফরমে আবেদন পত্র আহবান করা যাচ্ছে :

শর্তাবলী :

১. আবেদনকারী ছাত্র-ছাত্রীদের অবশ্যই পাবনা জেলার স্থায়ী বাসিন্দা এবং সরকার কর্তৃক অনুমোদিত কলেজ বা বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত নিয়মিত শিক্ষার্থী হতে হবে।
২. এস.এস.সি ও এইচ এস সি বা সমমানের পরীক্ষায় জিপিএ ৫.০০ বা অন্যান্য ক্ষেত্রে সন্তোষজনক রেজাল্ট থাকতে হবে (মুক্তিযোদ্ধা পোষ্য/প্রতিবন্ধী/গরীব মেধাবী ছাত্র/ছাত্রীদের ক্ষেত্রে শিথিলযোগ্য)। তবে মুক্তিযোদ্ধা পোষ্য প্রমাণের জন্য মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় হতে প্রদত্ত মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত কপি ও স্থানীয় চেয়ারম্যান/পৌরসভার কাউন্সিলর এর প্রত্যয়ন এবং প্রতিবন্ধী প্রমাণের ক্ষেত্রে উপজেলা/সমাজসেবা কার্যালয় থেকে প্রদত্ত প্রত্যয়ন দাখিল করতে হবে।
৩. স্নাতক পর্যায়ে অধ্যয়নরতদের পূর্ববর্তী বার্ষিক/সেমিস্টার পরীক্ষায় প্রথম শ্রেণি/ জিপিএ-৩.০০ (৪.০০ এর মধ্যে) প্রাপ্ত হতে হবে এবং মুক্তিযোদ্ধা পোষ্য/প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে জিপিএ শিথিলযোগ্য।
৪. যে সমস্ত ছাত্র/ছাত্রীর অভিভাবকের মাসিক আয় ১৫,০০০/- (পনের হাজার) টাকার উর্দে নয় তারা আবেদন করতে পারবেন।
৫. আবেদনকারী কোন ভুল বা মিথ্যা তথ্য উপস্থাপন করলে আবেদন সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৬. আবেদনের নিম্নবর্ণিত সকল তথ্য না থাকলে আবেদন বাতিল বলে গণ্য হবে।
৭. কর্তৃপক্ষ উল্লিখিত শর্তসহ যে কোন শর্ত সংযোজন/সংশোধন/বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
৮. প্রয়োজনে বৃত্তির বিষয়ে যাবতীয় তথ্যাবলী জেলা পরিষদ, পাবনা অফিস হতে জানা যাবে।
৯. নির্ধারিত আবেদন ফরম বিনামূল্যে এবং জেলা পরিষদ, পাবনা এর [website www.zppabna.gov.bd](http://www.zppabna.gov.bd) এর মাধ্যমে অথবা সরাসরি অফিস ভবন হতে সংগ্রহ করা যাবে। আবেদন ফরম আগামী ১০/০৬/২০২৩ খ্রিঃ তারিখ বিকাল ৪.০০ টার মধ্যে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান এর স্বাক্ষরসহ নিম্নস্বাক্ষরকারীর অফিসে অবশ্যই পৌছাতে হবে। নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত আবেদন বাতিল বলে গণ্য হবে।
১০. আবেদন পত্রের সাথে নিম্নবর্ণিত কাগজাদি অবশ্যই সংযুক্ত করতে হবে :  
ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র ও নম্বর পত্রের সত্যায়িত কপি খ) আবেদনকারীর সদ্য তোলা ২(দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙিন ছবি গ) পাবনা জেলার স্থায়ী বাসিন্দার স্বপক্ষে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ/পৌরসভার মেয়র এর প্রত্যয়ন পত্র। ঘ) অভিভাবকের বার্ষিক আয়ের প্রত্যয়ন পত্র। ঙ) জন্ম নিবন্ধন সনদের/এনআইডি কার্ডের সত্যায়িত কপি। চ) মুক্তিযোদ্ধা পোষ্য/প্রতিবন্ধী/ক্রীড়া/সংগীত কর্মকাণ্ডের স্বপক্ষে সত্যায়িত সনদ (যদি থাকে)।

(মোহাম্মদ অভুল মমেন)

প্রধান নির্বাহী কর্মকর্তা (ভারপ্রাপ্ত)

জেলা পরিষদ, পাবনা

ফোন : ০২৫৮৮৮৪৫৮৫৯

মোবাস : ০১৭১৩-৮৫৬৫০২

E-mail: [ceozppabna@gmail.com](mailto:ceozppabna@gmail.com)

অনুলিপি : সদয় অবগতি/কার্যার্থে প্রেরণ করা হল :

- ০১। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। পরিচালক, স্থানীয় সরকার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৩। চেয়ারম্যান, জেলা পরিষদ, .....সকল।
- ০৪। জেলা প্রশাসক, পাবনা।
- ০৫। পুলিশ সুপার, পাবনা।
- ০৬। চেয়ারম্যান, উপজেলা পরিষদ.....পাবনা।
- ০৭। মেয়র,.....পৌরসভা, পাবনা।
- ০৮। উপজেলা নির্বাহী অফিসার.....পাবনা।
- ০৯। চেয়ারম্যান, উপজেলা পরিষদ.....পাবনা।
- ১০। অফিস কপি।